সংবাদ

তারিখ ... 13 MAY 2003 ...
পৃষ্ঠা ... ১১ কলাম ... ১ .....

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসী ঘটনা

শিক্ষকরা আতঙ্কিত ও নিরাপত্তাহীনতায়

ইশতিয়াক হুসাইন ॥ একের পর এক সন্ত্রাসী ঘটনার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা এখন নিরাপত্তাহীনতায় ভুগছেন। সর্বশেষ রোববার রাতে বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীকে উদ্দেশ্য করে সন্ত্রাসীরা গুলি ছোড়ে। এর আগে বর্তমান উপাচার্যের বাসভবন চত্বর থেকে এক মাসের মধ্যে দু'বার বোমা উদ্ধার করা হয়। সপ্তাহ দুয়েক আগে আইন বিভাগের এক শিক্ষকের বাসা লক্ষ্য করেও সন্ত্রাসীরা গুলিবর্ষণ করে।

এদিকে সাবেক উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর ওপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে ছাত্রলীগ সোমবার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে। বিভিন্ন সংগঠন আজাদ চৌধুরীর ওপর হামলার নিন্দা জানিয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ঘটনায় উপ-উপাচার্য অধ্যাপক ইউসুফ হায়দারকে প্রধান করে পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে।

সম্প্রতি বিশ্ববিদ্যালয় প্রশাসনের শীর্ষ কর্মকর্তাদের বাসা থেকে একাধিকবার বোমা উদ্ধার করা হয়। বর্তমান উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজের বাসভবন এলাকা থেকে পুলিশ মার্চ মাসে বোমা উদ্ধার করে। এ ঘটনার এক মাসের মধ্যে উপাচার্য ভবনে এপ্রিল মাসের ২৫ তারিখে আবারও ৬টি বোমা পাওয়া যায়। এর আগে কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসানের বাসা লক্ষ্য করে সন্ত্রাসীরা বোমার বিস্ফোরণ ঘটায়। ২৫শে এপ্রিল বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক শফিকুর রহমানের বাসা লক্ষ্য করে সন্ত্রাসীরা ৫/৬ রাউন্ড গুলিবর্ষণ করে। সর্বশেষ রোববার সাবেক উপাচার্য আজাদ চৌধুরীকে উদ্দেশ্য করে সন্ত্রাসীরা ২ রাউন্ড গুলি ছোড়ে। তবে তার গায়ে কোন গুলি লাগেনি।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ওপর একের পর এক সন্ত্রাসী হামলার দরুন শিক্ষকরা এখন আতঙ্কিত। আইন বিভাগের শিক্ষক শফিকুর রহমান নিরাপত্তাহীনতার কারণে তার বাসা তালাবদ্ধ করে ক্যাম্পাসের বাইরে অবস্থান করছেন। শিক্ষকদের ওপর একাধিকবার সন্ত্রাসী হামলা হলেও বিশ্ববিদ্যালয় প্রশাসন এ ব্যাপারে নিচুপ। কর্তৃপক্ষ শুধু তদন্ত কমিটি গঠন করেই দায়িত্ব শেষ করছেন; কিন্তু এসব ঘটনা প্রতিকারের কোন ব্যবস্থা নেয়া হচ্ছে না। ফলে সন্ত্রাসী কর্মকাণ্ড বেড়েই চলেছে। নাম প্রকাশ না করে এক শিক্ষক এ প্রতিবেদককে বলেন, দল-মত নির্বিশেষে শিক্ষকদের নিরাপত্তা বিধান করতে হবে। এ ক্ষেত্রে সবাইকে দায়িত্বশীল হতে হবে। কারণ আমরা নিজ ক্যাম্পাসে নিরাপত্তাহীনতায় ভুগলে স্বাভাবিক কাজকর্মে ব্যাঘাত ঘটবে।

অধ্যাপক আজাদ চৌধুরীসহ শিক্ষকদের লক্ষ্য করে গুলিবর্ষণের প্রতিবাদে ছাত্রলীগ সোমবার ক্যাম্পাসে সমাবেশ করে। সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে নেতৃবৃন্দ শিক্ষকদের ওপর সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। সমাবেশে বক্তব্য রাখেন রফিকুল ইসলাম, খলিলুর রহমান, মাসুদ হোসেন, আশরাফুর রহমান, জাকারিয়া, শারমিন জাহান, উজ্জ্বল প্রমুখ।

ফেডারেশন অফ এনজিওস ইন বাংলাদেশ (এফএনবি) এর সভাপতি আবদুল মুগীদ চৌধুরী, অধ্যাপক চৌধুরীর ওপর গুলিবর্ষণের ঘটনায় নিন্দা জানিয়ে বলেছেন, আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিদ্যমান প্রেক্ষাপটে এ ঘটনা ঢাকা বিশ্ববিদ্যালয় তথা শিক্ষাঙ্গনে নতুন করে সহিংসতা ও সন্ত্রাসের পরিবেশ সৃষ্টির অশুভ তৎপরতার ইঙ্গিত দেয়।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা এক বিবৃতিতে অধ্যাপক আজাদ চৌধুরীর ওপর গুলিবর্ষণের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। বিবৃতি প্রদানকারী শিক্ষকরা হলেন অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান, অধ্যাপক শাহাদত আলী, অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম, অধ্যাপক নওশের আলী খান, অধ্যাপক আরেফিন সিদ্দিক, অধ্যাপক আমীনুর রশীদ, অধ্যাপক কাজী, শহীদুল্লাহ প্রমুখ।